দৈনিক বাংলা ২৪/৬/৮০

# বাজেট পাস : ৫৪৮৩ কোটি টাকার ৯৯টি মঞ্জুরী দাবী অনুমোদন

শুক্রবার জাতীয় সংসদে রাজস্ব ও উন্নয়ন খাতে মোট ৫ হাজার ৪শ ৮৩ কোটি ৭৪ লাখ ১৭ হাজার টাকার ৯৯টি মঞ্জুরীদাবী অনুমোদনের মধ্য দিয়ে ১৯৮০-৮১ সালের জাতীয় বাজেট পাস হয়।

গতকাল সকালের বৈঠকে মঞ্জুরী-দাবী আলোচনা শুরু হয়। মোট ৯৯টি মঞ্জুরী দাবীর মধ্যে রাজস্ব খাতের মাত্র ১৭টি দাবী আলোচনার মাধ্যমে গৃহীত হয়।

এই ১৭টি দাবীর মোট মঞ্জুরীর পরিমাণ হচ্ছে ২৫৪টি কোটি ৭৬ লাখ ৪৮ হাজার টাকা। বিরোধী দলীয় সদস্যদের আনীত ৩ হাজার ১৮টি ছাঁটাই প্রস্তাবের মধ্যে ১ হাজার ১শ ৪১টি ছাঁটাই প্রস্তাব আলোচনার জন্য উত্থাপিত হয়। ১৭টি মঞ্জুরীর দাবী আলোচনার মাধ্যমে ধ্বনিভোটে গৃহীত হওয়ার পর বাকী মঞ্জুরী দাবীসমূহ [illegible]গিলোটিনে পাস করা হয়। পূর্ব সিদ্ধান্ত অনুযায়ী স্পীকার রাত ৯টায় গিলোটিন প্রয়োগ শুরু করেন। মাত্র ১ ঘন্টা ১২ মিনিটের মধ্যে বাকী ৮২টি মঞ্জুরী দাবী গৃহীত হয়।

রাজস্ব বাজেটে রাজস্ব খাতে মোট ব্যয়ের পরিমাণ হচ্ছে ১ হাজার ৪শ ৮৭ কোটি ৪৭ লাখ ৩৯ হাজার টাকা। তন্মধ্যে দায়যুক্ত ব্যয়ের পরিমাণ হচ্ছে ১৫৭ কোটি ৮২ লাখ ৯৭ হাজার টাকা। রাজস্ব খাত ও অন্যান্য ব্যয় মিলিয়ে মোট ব্যয়ের পরিমাণ হচ্ছে ৪ হাজার ৩শ ৬৪ কোটি ৮৫ লাখ ২ হাজার টাকা। তন্মধ্যে দায়যুক্ত ব্যয়ের পরিমাণ হচ্ছে ১ হাজার ৫শ ৩৭ কোটি ৮৪ লাখ ৩৫ হাজার টাকা।

উন্নয়ন বাজেটে মোট ব্যয়ের পরি-

(শেষ পৃঃ ৫ এর কঃ দ্রঃ)